

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আশেক মাহমুদ কলেজ
জামালপুর

তারিখ : ১৯/০১/২০২৩

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় নির্বাচিত ও নিশ্চয়নকারী শিক্ষার্থীদের আগামী ২৩/০১/২০২৩ থেকে ২৫/০১/২০২৩ তারিখ পর্যন্ত কলেজে শাখাওয়ারী নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক নিম্নোক্ত ভবনে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের তালিকা ২২/০১/২০২৩ তারিখে অনলাইনে প্রকাশ করা হবে। সাক্ষাৎকার শেষে অনলাইনে ভর্তি ফি পরিশোধপূর্বক কলেজের <http://amc.eshiksaems.com> লিংকে প্রবেশ করে গৃহীত ফরম অনুযায়ী সঠিকভাবে বিষয় নির্বাচনপূর্বক অনলাইনে ভর্তি ফরমপূরণ করতে হবে। ভর্তি ফরমের প্রিন্ট কপিসহ কাগজপত্র ভর্তি কমিটির নিকট নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফি পরিশোধপূর্বক ভর্তি ফরমপূরণ করতে ব্যর্থ হলে ভর্তি নিশ্চয়ন বাতিল বলে গণ্য হবে।

শাখার নাম	আবেদনসহ কাগজপত্র জমাদানের তারিখ	সাক্ষাৎকার ও কাগজপত্র জমাদানের স্থান ও সময়	মন্তব্য
বিজ্ঞান	২৩/০১/২০২৩ থেকে ২৫/০১/২০২৩ পর্যন্ত	ডিগ্রি টিন শেড ভবন (কক্ষ নম্বর-৫০০১) সকাল ১১.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত	
মানবিক	২৩/০১/২০২৩ থেকে ২৫/০১/২০২৩ পর্যন্ত	ডিগ্রি টিন শেড ভবন (কক্ষ নম্বর-৫০০৪) সকাল ১১.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত	
ব্যবসায় শিক্ষা	২৩/০১/২০২৩ থেকে ২৫/০১/২০২৩ পর্যন্ত	ডিগ্রি টিন শেড ভবন (কক্ষ নম্বর-৫০০৮) সকাল ১১.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত	

আবেদন করার নিয়ম:


<http://amc.eshiksaems.com> প্রবেশ করে User Name: amestudent এবং Password: amestudent দিয়ে Sign In করতে হবে। তারপর Admission বাটনে Click করে নিচের দিকে Click for New Admission বাটনে Click করতে হবে। এরপর Select Group এ HSC সিলেক্ট করতে হবে, অতপর Select Department এ Science/ Humanities/Business Studies এর যেকোনো একটি সিলেক্ট করতে হবে এবং Admission Roll এ SSC Roll দিয়ে Check for Admission এ Click করে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। বিষয় গুলোর ক্ষেত্রে আবশ্যিক (Elective) বিষয় Add Subject করতে হবে এবং অতপর ঐচ্ছিক (Fourth) বিষয় Add Subject করার পরে Save বাটনে Click করে ফরমটি প্রিন্ট করতে হবে।

ফি প্রদানের পদ্ধতি :

"Sonali eSheba" মোবাইল অ্যাপের "HSC Fees" মেন্যু থেকে 'Admission Fee' সিলেক্ট করে অথবা <https://sbl.com.bd:7070/> লিংকে প্রবেশ করে "HSC Fees" মেন্যু থেকে 'Admission Fee' সিলেক্ট করে Govt. Ashk Mahmud College সিলেক্ট করে SSC Roll দিয়ে সার্চ করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে।

ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্রসমূহ

১. টাকা পরিশোধের (Payment Slip) কপি
 ২. অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্ট কপি ও স্বাক্ষরকৃত সাক্ষাৎকার ফরম
 ৩. শিক্ষার্থীদের এসএসসির অনলাইন ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি
 ৪. সদ্যতোলা পাসপোর্ট সাইজের ল্যাব. প্রিন্টকৃত রঙিন ০৪(চার) কপি ছবি
 ৫. শিক্ষার্থীদের জেএসসি/সমমান, এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি
- মুক্তিযোদ্ধা এবং অন্যান্য কোটায় (FQ) সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের উপযুক্ত কাগজপত্র ছাড়াও নিম্নোক্ত কাগজপত্র গুলো জমা দিতে হবে
১. মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি (মূল কপি প্রদর্শন করতে হবে)
 ২. মুক্তিযোদ্ধা দাদা হলে পিতার জাতীয় পরিচয়পত্র/এসএসসি পাসের সনদের ফটোকপি অথবা মুক্তিযোদ্ধা নানা হলে মাতার জাতীয় পরিচয়পত্র অথবা এসএসসি পাসের সনদের ফটোকপি
 ৩. অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার কপি


অধ্যক্ষ ১৯/০১/২৩

সরকারি আশেক মাহমুদ কলেজ
জামালপুর